# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

তারিখ: ২৬.০৫.২০২৫

প্রেস রিলিজ

### রোভার স্কাউটের তিনদিনব্যাপী বার্ষিক দীক্ষা সম্পন্ন করল পাবিপ্রবি

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রোভার স্কাউট গ্রুপের আয়োজনে গতকাল সন্ধ্যায় (২৫ মে) তিনদিনব্যাপী 'বার্ষিক দীক্ষা ও ডে ক্যাম্প-২০২৫' সম্পন্ন হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে সন্ধ্যার পরে ক্যাম্প ফায়ার ও সমাপনী অনুষ্ঠান সম্পন্ন হয়। ২৩ মে 'বার্ষিক দীক্ষা ও ডে ক্যাম্প-২০২৫' শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম এবং বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান।

আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ রোভার স্কাউট অঞ্চলের লিডার ট্রেইনার অধ্যক্ষ মোছা. নিলুফা ইয়াছমিন, পাবিপ্রবি'র রোভার স্কাউট লিডার অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ এবং ড. মোহাম্মদ নাজমুল ইসলাম, প্রক্টর অধ্যাপক ড. কামরুজ্জামান খান, বাংলাদেশ রোভার স্কাউট অঞ্চলের সহসভাপতি মো. ফজলে রাব্বী, উপআঞ্চলিক কমিশনার মো. আশরাফ আলী, পাবিপ্রবি'র জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের সহকারী পরিচালক মো. বাবুল হোসেন, পাবনা জেলা স্কাউটের নেতৃবৃন্দসহ শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পাবিপ্রবি'র রোভার স্কাউটের সম্পাদক ড. জিন্নাত রেহানা।

কর্মশালায় উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম অতিথির বক্তব্যে বলেন, 'রোভার স্কাউটের মাধ্যমে নিজেকে গড়ে তোলা ও সমাজকে সেবা প্রদান করতে হবে। নিয়মানুবর্তিতার মধ্য দিয়ে বিশ্ববিদ্যালয়ের সুনাম বয়ে আনতে হবে। দেশের সেবার জন্য আরও বেশি করে ভালো কাজ করা এবং তোমাদের মধ্যে সততা থাকতে হবে। তিনি রোভারদের সকল সুযোগ-সুবিধার বিষয়ে আশ্বাস প্রদান করেন।'

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, 'রোভার স্কাউটরা মানসিক ও শারীরিক উন্নয়নে অন্যদের থেকে সবসময় এগিয়ে থাকেন। ট্রেনিংয়ের মাধ্যমেই একজন ভালো রোভার হতে পারেন। এটি একটি কষ্টসাধ্য কাজ কিন্তু ভালো লাগা থেকেই রোভাররা কাজটি করে থাকেন। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষ্ঠানে তারা নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেন। তিনি আরও বলেন, আমাদের রোভারদের আন্তরিকতার কোনো ঘাটতি নেই। তাদের যেকোনো প্রয়োজনে সকল ধরনের সহযোগিতা আমরা প্রশাসন থেকে করব।'

দীক্ষা প্রদান, নতুন দায়িত্ব হস্তান্তর, বিভিন্ন দলের মনোমুগ্ধকর পরিবেশনার মধ্য দিয়ে ক্যাম্প ফায়ার ও সমাপনী অনুষ্ঠান সম্পন্ন হয়। এবার পাবিপ্রবি'র ৫৫ জন শিক্ষার্থীকে দীক্ষা প্রদান করা হয়। অনুষ্ঠানে সঞ্চালনা করেন পাবিপ্রবি'র রোভার স্কাউট লিডার মো. রওশন ইয়াজদানী।

২৬.০৫.২০২৫<br>
(মো. বাবুল হোসেন)<br>
সহকারী পরিচালক<br>
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর<br>
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।